

# সূত্র

প্রিন্ট: ০৬ আগস্ট ২০২৫, ১২:১০ পিএম

ক্যাম্পাস

## চবি ছাত্রদের মিছিলে ছাত্রলীগ কর্মী



চবি প্রতিনিধি

প্রকাশ: ০৫ আগস্ট ২০২৫, ০৪:২২ পিএম



চট্টগ্রাম বিশ্ববিদ্যালয় (চবি) শাখা ছাত্রদলের একটি মিছিলে অংশ নিতে দেখা গেছে নিষিদ্ধ ঘোষিত ছাত্রলীগের এক কর্মীকে। তার নাম মোবারক হোসেন। তিনি বিশ্ববিদ্যালয়ের ইতিহাস বিভাগের ২০২০-২১ শিক্ষাবর্ষের শিক্ষার্থী ও শাখা ছাত্রলীগের ‘বিজয়’ উপগ্রুপের সক্রিয় কর্মী ছিলেন।

মোবারক বৈষম্যবিরোধী ছাত্র আন্দোলনে শিক্ষার্থী মারধরের অভিযোগে বিশ্ববিদ্যালয় থেকে সাময়িকভাবে বহিষ্কার হন। বিতর্কিত ভূমিকার কারণে তার সহপাঠীরাও তাকে অবাঞ্ছিত ঘোষণা করেন।

গত ১১ জুলাই বিশ্ববিদ্যালয়ের আইন অনুষদের একটি অনুষ্ঠানে বিএনপির কেন্দ্রীয় নির্বাহী কমিটির চট্টগ্রাম বিভাগীয় সহ-সাংগঠনিক সম্পাদক ব্যারিস্টার মীর মোহাম্মদ হেলাল উদ্দিনের আগমন উপলক্ষে মিছিল করে শাখা ছাত্রদল। ওই মিছিলে সামনের সারিতে দেখা যায় মোবারক হোসেনকে। মিছিলে শাখা ছাত্রদলের অন্যান্য নেতাকর্মীও উপস্থিত ছিলেন।

আন্দোলনের সময় শিক্ষার্থী ও এক সাংবাদিকের ওপর হামলার ঘটনায় লিখিত অভিযোগের পরিপ্রেক্ষিতে গত ২৪ জানুয়ারি বিশ্ববিদ্যালয়ের ৮৪ শিক্ষার্থীকে সাময়িক বহিষ্কার করে কর্তৃপক্ষ। ওই তালিকায় নাম রয়েছে মোবারক হোসেনের।

এছাড়া গত বছরের ৫ আগস্টের পর বিশ্ববিদ্যালয়ের আলাওল হল প্রাঙ্গণে ছাত্রলীগের চিহ্নিত সন্ত্রাসীদের ছবিসহ একটি ব্যানার টাঙায় শিক্ষার্থীরা। সেই ব্যানারেও মোবারকের ছবি ও নাম দেখা গেছে।

জানতে চাইলে মোবারক হোসেন বলেন, আমি ছাত্রদলের রাজনীতির সঙ্গে জড়িত নই। সেদিন বিশ্ববিদ্যালয়ের কেন্দ্রীয় মাঠে ছিলাম। ছাত্রদলের মিছিল আসলে আমি সেখানে ঢুকে পড়ি।

বহিষ্কারাদেশের ব্যাপারে তিনি বলেন, প্রতিহিংসাপরায়ণ হয়ে আমার নামে অভিযোগ দেওয়া হয়। আমি আত্মপক্ষ সমর্থন করেছি।

শাখা ছাত্রদলের সভাপতি আলাউদ্দিন মহসিন বলেন, ওই ছেলে ছাত্রদলের রাজনীতির সঙ্গে জড়িত নয়। তার ছাত্রলীগ সম্পৃক্ততার ব্যাপারে জানার পর আমরা সতর্ক রয়েছি।